# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৮. পানি রাখার জন্য কী ধরনের পাত্র ব্যবহার করা জায়েয? (১.৩ পানির বৈধ ও অবৈধ পাত্র)

সকল প্রকার পাত্রই জায়েয, শুধুমাত্র স্বর্ণ ও রৌপ্যের তৈরি পাত্র ছাড়া। এমনকি মহিলারা স্বর্ণ-রুপার অলংকার ব্যবহার করতে পারলেও এসব ধাতু দিয়ে তৈরি জগ, গ্লাস, বাসন, বদনা এরকম ধরনের পান পাত্রই ব্যবহার করা জায়েয নেই । সোনা রুপার পাত্র ব্যবহার নারী-পুরুষ সকলের জন্যই হারাম। হুযাইফা ইবনে ইয়ামান (রা) বর্ণনা করেন যে, আমি রাসূলুল্লাহ (স)-এর কাছ থেকে শুনেছি। তিনি বলেছেন,

“তোমরা রেশমি কাপড় ও রেশমি বস্ত্র পরিধান করো না এবং স্বর্ণ ও রৌপ্যের তৈরি পাত্রে পান করো না। এমনকি এসব পাত্রে খাবারও খেয়ো না। কেননা, এগুলো দুনিয়াতে কাফিরদের জন্য, আর পরকালে আমাদের (ঈমানদারদের) জন্য। (বুখারী: ৫৪২৬)

তাছাড়া এ বিষয়ে নবী (স)-এর স্ত্রী উম্মে সালামা (রা) থেকে বর্ণিত হয়েছে, রাসূলুল্লাহ (স) বলেছেন,

“যে ব্যক্তি রুপার তৈরি পাত্রে কোন কিছু পান করে সে যেন তার পেটে-টগবগ করা জাহান্নামের আগুন প্রবেশ করায়।” (বুখারী: ৫৬৩৪)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12749

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন